গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং ৩৮.০১.০০০০.১০৭.৩৭.০০৪.২৫. ৪২

তারিখ: ২৪ পৌষ ১৪৩২ / ০৮ জানুয়ারি ২০২৬

বিষয়: **১২ই ফেব্রুয়ারি ২০২৬ তারিখ ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোট গ্রহণ এবং গণভোট অনুষ্ঠানের বিষয়ে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনার অগ্রগতি প্রতিবেদন**

**সূত্র: প্রাগম স্মারক নম্বর- ৩৮.০০.০০০০.০০৫.১৬.০০২.২০২৫-২৮, তারিখ- ০৫/০১/২০২৬ খ্রি.**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১২ই ফেব্রুয়ারি ২০২৬ তারিখ ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোট গ্রহণ এবং গণভোট অনুষ্ঠানের বিষয়ে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনার অগ্রগতি প্রতিবেদন নিম্নরূপ প্রেরণ করা হলো।

| ক্রমিক | কর্মপরিকল্পনা | অগ্রগতি/গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ১ | গণভোটের ধারণা ও এর সাংবিধানিক ভিত্তি এবং জুলাই জাতীয় সনদের মূল তথ্য ও কাঠামো সম্পর্কে শিক্ষক ও কর্মচারীদের সম্যকভাবে অবহিতকরণ | ক) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ১২ই ফেব্রুয়ারি ২০২৬ তারিখ ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট অনুষ্ঠানের বিষয়ে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও এর আওতাধীন মাঠ পর্যায়ের সকল দপ্তরসমূহকে অবহিত করা হয়েছে। মাঠ পর্যায়ের ৮টি বিভাগীয় কার্যালয়, ৬৪টি জেলা প্রাথমিক শিক্ষা অফিস, ৬৭টি পিটিআই, ৫১৬টি উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস ও ৫০৯টি উপজেলা প্রাথমিক শিক্ষা প্রশিক্ষণ সেন্টারসহ সর্বমোট ১১৬৪টি দপ্তরে পত্রটি পৃষ্ঠাংকনপূর্বক প্রেরণ করা হয়েছে;<br>খ) ৮টি বিভাগীয় দপ্তরসমূহের বিভাগীয় উপপরিচালকগণকে এ বিষয়ে করণীয় সম্পর্কে নির্দেশনা প্রদান করা হয়েছে;<br>গ) ৬৪টি জেলার জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও ৬৭টি পিটিআই-এর ডিসেম্বর ২০২৫ মাসের মাসিক সমন্বয় সভায় বিষয়টির গুরুত্ব ও করণীয় সম্পর্কে আলোচনা করা হয়েছে; |
| ২ | প্রতিটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে মা/অভিভাবক সমাবেশ, হোম ভিজিট ও উঠান বৈঠকের মাধ্যমে গণভোট প্রদান প্রক্রিয়া সম্পর্কে অভিভাবকদের অবহিতকরণ ও ভোটাধিকার প্রদান বিষয়ে উদ্বুদ্ধকরণ | প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আওতাধীন মাঠ পর্যায়ের ৬৫৫৬৯টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২০২৬ শিক্ষাবর্ষের বই বিতরণের সময় আয়োজিত মা সমাবেশে বিষয়টি সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়েছে। ২,৩৫,৭৬২ টি হোম ভিজিট এবং ৩৪,০৯২ টি উঠান বৈঠকের মাধ্যমে গণভোট প্রদান প্রক্রিয়া সম্পর্কে সংশ্লিষ্টদের অবহিত করা হয়েছে |
| ৩ | প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আওতাধীন ৬৭টি পিটিআই এর মাধ্যমে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের জন্য অনুষ্ঠেয় প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের গণভোট সম্পর্কে অবহিতকরণ | ১২টি ডিপিএড পাইলটিং কর্মশালায় উপস্থিত ১৫৫ জন ইন্সট্রাক্টরগণকে গণভোট প্রদান প্রক্রিয়া সম্পর্কে অবহিত করা হয়েছে। এছাড়াও ৮ বিভাগের অন্তর্গত ৬৭টি পিটিআই-এ বিটিপিটি কোর্স উদ্বোধনের সময় উপস্থিত ৮ জন ডিডি, ৬৭ জন সুপার, ৪৫০ জন পিটিআই ইন্সট্রাক্টর ও ৬৯০০ জন অংশগ্রহণকারী শিক্ষকগণকে গণভোট প্রদান প্রক্রিয়া সম্পর্কে অবহিত করা হয়েছে। |
| ৪ | তথ্য মন্ত্রণালয়, সংস্কৃতি মন্ত্রণালয় ও নির্বাচন কমিশন হতে প্রাপ্ত গণভোট সংশ্লিষ্ট টিভিসি/তথ্য কণিকা প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও এর আওতাধীন দপ্তর/সংস্থার ওয়েবসাইট, ফেসবুক পেজ এ আপলোড করা এবং শিক্ষক ও কর্মকর্তাদের হোয়াটস অ্যাপ গ্রুপে প্রচারের ব্যবস্থা গ্রহণ | গণভোট সংশ্লিষ্ট তথ্য কণিকা প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এর আওতাধীন ৮টি বিভাগীয় ও ৬৪ জেলার দপ্তরসমূহের ওয়েবসাইট, ফেসবুক পেজ এবং কর্মকর্তা ও কর্মচারীগণের হোয়াটস্ অ্যাপ গ্রুপে প্রচারের ব্যবস্থা নেয়া হয়েছে। |
| ৫ | গনভোট সম্পর্কে নির্বাচন কমিশন হতে সময়ে সময়ে প্রাপ্ত নির্দেশনা বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ | নির্বাচন কমিশন, মন্ত্রি পরিষদ বিভাগ এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় হতে প্রাপ্ত নির্বাচন ও গণভোট সংক্রান্ত সময়ে সময়ে প্রাপ্ত বিভিন্ন নির্দেশনাসমূহ তাৎক্ষনিকভাবে মাঠ পর্যায়ের ৮টি বিভাগীয় কার্যালয়, ৬৪টি জেলা প্রাথমিক শিক্ষা অফিস, ৬৭টি পিটিআই, ৫১৬ উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস, ৫০৯টি উপজেলা প্রাথমিক শিক্ষা প্রশিক্ষণ সেন্টারসহ ৬৫৫৬৯টি সরকারি প্রাথমিক বিদ্যালয়কে অবহিত করা হচ্ছে। |

সংযুক্তি: ১। নতুন কর্মপরিকল্পনা- ০১ ফর্দ
২। মাঠ পর্যায়ে প্রেরিত নির্দেশনা- ০১ ফর্দ।

০৮.০১.২০২৬
মোঃ মাসুদ হোসেন
পরিচালক (প্রশাসন)
ই-মেইল: diradmindpe@gmail.com

সচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রনালয়
[দৃষ্টি আকর্ষণ- উপসচিব (প্রশাসন-২)]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬
**www.dpe.gov.bd**

স্মারক নং- ৩৮.০১.০০০০.১০৭.৩৭.০০৪.২৫- ৪৮

তারিখ: ২৪ পৌষ ১৪৩২
০৮ জানুয়ারি ২০২৬

**বিষয়: "গণভোট-২০২৬" বিষয়ে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে সমন্বয় সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত**

**সূত্র: প্রধান উপদেষ্টার কার্যালয় এর ০৭ জানুয়ারি ২০২৬ তারিখের ১০২ নম্বর পত্র**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে "গণভোট-২০২৬" বিষয়ে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে গৃহীত সিদ্ধান্তের আলোকে নিম্নবর্ণিত কার্যক্রমের কর্মপরিকল্পনা (প্রশিক্ষণ ও সচেতনতা) প্রণয়নপূর্বক বাস্তবায়ণ প্রতিবেদন অদ্য ০৮ জানুয়ারি ২০২৫ তারিখ অফিস সময় (বিকাল ৫.০০ ঘটিকা) এর মধ্যে ই-মেইলে (adgeneraldpe@gmail.com) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

ক) বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের দপ্তর প্রধানের কার্যালয়ে সকল কর্মকর্তা-কর্মচারীদের গণভোট বিষয়ক প্রশিক্ষণ আগামী ১৫ জানুয়ারি ২০২৬ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। এক্ষেত্রে প্রয়োজনে কর্মকর্তা-কর্মচারীগণকে অনলাইনে যুক্ত করতে হবে;

খ) বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণ বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারদের সাথে সমন্বিতভাবে প্রচার কার্যক্রম চালাবেন;

গ) সকল দপ্তর প্রধানের (বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ের) সরকারি ফেসবুক একাউন্টে গণভোট বিষয়ক প্রচারণা চালাতে হবে। এক্ষেত্রে প্রচারণার ছবি/ভিডিও সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার/পৌরসভা প্রশাসক/জেলা প্রশাসক/সংশ্লিষ্ট দপ্তরের জেলা পর্যায়ের কর্মকর্তা/বিভাগীয় কমিশনার/মেয়র বা প্রশাসক, সিটি কর্পোরেশন-দের ফেসবুক একাউন্টে ট্যাগ করে প্রচারকার্য চালাবেন;

ঘ) জেলা ও উপজেলা পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে "গণভোট-২০২৬" বিষয়ক ব্যানার প্রদর্শন এক কার্যদিবসের মধ্যে নিশ্চিত করতে হবে;

ঙ) সকল পর্যায়ের শিক্ষকদের প্রশিক্ষণ দিতে হবে যেন তারা সমাজে গণভোট বিষয়ে সচেতনতা তৈরীতে ভূমিকা রাখতে পারেন।

**বিষয়টি অতীব জরুরী**

০৮.০১.২০২৬
মোঃ মাসুদ হোসেন
পরিচালক (প্রশাসন)
ই-মেইল: diradmindpe@gmail.com

বিতরণঃ
১। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল বিভাগ)
২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)/ সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল)
৩। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)/ইন্সট্রাক্টর, ইউপিইটিসি (সকল)

অনুলিপি সদয় অবগতির জন্যঃ
১। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
২। অতিরিক্ত মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালকের (পিইডিপি৪) ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক/ অতিরিক্ত মহাপরিচালকের (পিইডিপি৪) মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩। অফিস কপি

I:\উদ্বৃত্ত কর্মচারী.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা
www.dpe.gov.bd

**বিষয়:** গণভোটের বিষয়বস্তু তথা জুলাই সনদ সম্পর্কে জনগণকে অবহিত করার লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান এবং সচেতনতামূলক প্রচার বিষয়ক কর্মপরিকল্পনা।

| ক্রমিক | কার্যক্রম | সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নাম | কার্যক্রমের বিবরণ | বাস্তবায়নকাল |
|---|---|---|---|---|
| ১ | প্রশিক্ষণ প্রদান | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (প্রধান কার্যালয়) ও বিভাগীয় কার্যালয় | প্রধান কার্যালয়সহ বিভাগীয় কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদের অফলাইন/অনলাইনে সংযুক্ত করে গণভোট ও জুলাই সনদ সম্পর্কে প্রশিক্ষণ প্রদান। | ১২ জানুয়ারি ২০২৬ সকাল ১০:৩০ মিনিট |
| ২ | | জেলা প্রাথমিক শিক্ষা অফিস ও PTI | প্রধান কার্যালয়ের আয়োজনে জেলা পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের (ডিপিইও অফিস ও পিটিআই) গণভোট ও জুলাই সনদ সম্পর্কে প্রশিক্ষণ প্রদান। | ১৩ জানুয়ারি ২০২৬ সকাল ১০:৩০ মিনিট |
| ৩ | | উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিস, UPTC/TPTC | প্রধান কার্যালয়ের আয়োজনে উপজেলা/থানা (ইউপিটিসি/টিপিটিসিসহ) পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের গণভোট ও জুলাই সনদ সম্পর্কে প্রশিক্ষণ প্রদান। | ১৪ জানুয়ারি ২০২৬ সকাল ১০:৩০ মিনিট |
| ৪ | | প্রাথমিক বিদ্যালয় | উপজেলা/থানা পর্যায়ে প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও নির্বাচিত শিক্ষকগণের জন্য গণভোট ও জুলাই সনদ সম্পর্কে সংক্ষিপ্ত ওরিয়েন্টেশন/ব্রিফিং আয়োজনের নির্দেশনা প্রদান। | ১৫ জানুয়ারি ২০২৬ |
| ১ | সচেতনতামূলক প্রচার কার্যক্রম | সচেতনতামূলক নির্দেশনা | প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষকদের গণভোট বিষয়ে সমন্বিত প্রচার কার্যক্রম পরিচালনার জন্য লিখিত নির্দেশনা প্রদান। | ০৮ জানুয়ারি ২০২৬ |
| ২ | | সমন্বিত প্রচার | বিভাগ, জেলা ও উপজেলা/থানা পর্যায়ের কর্মকর্তাগণ বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারদের সাথে সমন্বিতভাবে প্রচার কার্যক্রম চালাবেন। | ১১-১৫ জানুয়ারি ২০২৬ |
| | | | প্রধান কার্যালয়সহ সকল পর্যায়ের কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষকদের নিজ নিজ প্রতিষ্ঠানে গণভোট বিষয়ক প্রচারে সম্পৃক্ত করা। | |
| ৩ | | ডিজিটাল প্রচার | সকল দপ্তর প্রধানের (প্রধান কার্যালয়, বিভাগীয়, জেলা, উপজেলা/থানা পর্যায়) সরকারি ফেসবুক একাউন্টে গণভোট ও জুলাই সনদ সম্পর্কে সচেতন করতে প্রচার কার্যক্রম চালাবেন। পাশাপাশি প্রচারণার ছবি/ভিডিও সংশ্লিষ্ট ইউএনও/ পৌরসভা প্রশাসক/ জেলা প্রশাসক/ সংশ্লিষ্ট দপ্তরের জেলা পর্যায়ের কর্মকর্তা/বিভাগীয় কমিশনার/মেয়র বা প্রশাসক/সিটি কর্পোরেশন অফিসের ফেসবুক একাউন্টে প্রচার কার্য চালাবেন। | ১১-১৫ জানুয়ারি ২০২৬ |
| ৪ | | ব্যানার/ভিজ্যুয়াল প্রচার | জেলা ও উপজেলা পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে গণভোট বিষয়ক ব্যানার নির্ধারিত সময়ে প্রদর্শন নিশ্চিত করতে নির্দেশনা প্রদান করতে হবে। | ১১ জানুয়ারি ২০২৬ |
| ৫ | | শিক্ষক সম্পৃক্ততা | বিভিন্ন পর্যায়ের শিক্ষকদের প্রশিক্ষণ প্রদান, যেন তারা নিজ নিজ সমাজে গণভোট বিষয়ে সচেতনতা তৈরিতে ভূমিকা রাখতে পারেন। | ১১-১৫ জানুয়ারি ২০২৬ |

মো: মাসুদ হোসেন
পরিচালক (প্রশাসন)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

E:/Laptop/সাধারণপ্রশাসন/২০২৬/গনভোট/কর্মপরিকল্পনা/মামন